




ঢাকা বিশ্ববিদ্যালয় নিয়োগ বিজ্ঞপ্তি

বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ১৮,৫০০-৮০০x১৪-২৯৭০০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০০৯) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ই-লাইব্রেরি এর ১(এক)টি শূন্য প্রোগ্রামার পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে অবশ্যই যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং-এ বিএসসি/ফলিত পদার্থ বিজ্ঞান/পদার্থ বিজ্ঞান/অংক বিষয়ে ৪/৫ বছরের স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী হইতে হইবে এবং প্রোগ্রামিং-এ ২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। Web এপ্লিকেশন ডিজাইন/Linux/windows Network-এ কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রতিষ্ঠিত লাইব্রেরিতে কাজ করার বাস্তব অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৪০ বৎসর হইতে হইবে। পরীক্ষায় কোন পর্যায়ে ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য নহে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট, মার্কসিট ও প্রশংসাপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ১৬-১১-২০১৫ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় এর নিকট পৌঁছাইতে হইবে। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।


২০.১০.১৫